

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ সোনারগাঁও রোড (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫।
Web: banbeis.gov.bd

নং-৩৭.২০.০০০০.০০৩.০৩১.০৩৬.২০১৬/৫৪৭৭

তারিখঃ ২৩ ভাদ্র ১৪২৩
০৭ সেপ্টেম্বর ২০১৬

বিষয় : বার্ষিক শিক্ষা জরিপ ২০১৬ এর আওতায় On line Software ব্যবহার করে তথ্য প্রেরণ।

সুপ্রিয় অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট,

আমার সালাম ও শুভেচ্ছা নিবেন। বিষয়োক্ত স্মারক এর প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) দেশের শিক্ষা সেক্টরের সকল পোস্ট-প্রাইমারি স্তরের শিক্ষাতথ্য ও পরিসংখ্যান সংগ্রহ, সংকলন এবং বিতরণের একমাত্র সরকারি সংস্থা। শিক্ষা ক্ষেত্রে সঠিক পরিকল্পনা প্রণয়নের জন্য নির্ভরযোগ্য ও হালনাগাদ তথ্যের প্রয়োজন। শিক্ষা পরিকল্পনাকারী ও শিক্ষাব্যবস্থাপকগণকে চাহিদা অনুযায়ী নির্ভুল তথ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে ব্যানবেইস প্রতিবছর একটি নির্দিষ্ট সময়ে দেশের সকল ধরনের শিক্ষা প্রতিষ্ঠান থেকে তথ্য সংগ্রহ করে থাকে। সে মোতাবেক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য On line Software ব্যবহারের মাধ্যমে ব্যানবেইস সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য ব্যানবেইসের সাভারে অন্তর্ভুক্ত না হলে সঠিক সময়ে Bangladesh Educational Statistics 2016 প্রকাশ করা সম্ভব হবে না।

২। এবিষয়ে একটি নির্দেশিকা প্রেরণ করা হলো (সংযুক্ত)। আপনার প্রতিষ্ঠানে On line এর সুবিধা না থাকলে আপনার উপজেলা / পার্শ্ববর্তী উপজেলায় স্থাপিত UITRCE এ থেকে online সুবিধা গ্রহণ করতে পারবেন।

৩। এমতাবস্থায় আগামী ২০ সেপ্টেম্বর ২০১৬ তারিখ থেকে ২০ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে আপনার শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য On line Software ব্যবহার করে ব্যানবেইস এর সার্ভারে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

সংযুক্তিঃ ক) On line ফরম পূরণের নির্দেশিকা।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট

.....

শুভেচ্ছান্তে,
২৩/৯/১৬
(মোঃ ফাসিউল্লাহ)
পরিচালক
ফোনঃ ৯৬৬৫৪৫৭

E-mail: info@banbeis.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। অতিরিক্ত সচিব(অডিট ও আইন), শিক্ষা মন্ত্রণালয়।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। যুগ্ম সচিব (মাধ্যমিক)/যুগ্ম সচিব(কলেজ), শিক্ষা মন্ত্রণালয়।
- ৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়,(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অঞ্চল।
- ৮। জেলা শিক্ষা অফিসার(সংশ্লিষ্ট)।
- ৯। অফিস নথি।